

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৮২


তারিখঃ ২২ফাল্গুন, ১৪২৪
০৬ মার্চ, ২০১৮

বিষয়ঃ সিনিয়র স্টাফ নার্স এবং মিডওয়াইফ পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে-সকল পদ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ এবং বিশেষ/প্রাধিকার কোটার অপূরণকৃত পদ সংরক্ষণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০২/২০১০ তারিখের ৫৯ নম্বর সার্কুলারের বিধান শিথিলকরণ।

উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০২/২০১০ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিয়ন্ত্রণ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:

ক) সিনিয়র স্টাফ নার্স-এর ৪,০০০ টি এবং মিডওয়াইফ-এর ৬০০ টি পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি ২০১০ তারিখের ৫৯ নম্বর সার্কুলারে উল্লিখিত মুক্তিযোদ্ধা কোটা অনুসরণ সংক্রান্ত নির্দেশনা শিথিল করিয়া ঐ পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে। উহা এককালীন না হইয়া সকল সময়ে প্রযোজ্য হইবে।

খ) সকল সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে সকল পদ মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের মধ্য হইতে পূরণ করিতে হইবে।



(ড. মো: মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
৫.৩.১৮

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/ সচিব
.....সকল মন্ত্রণালয়/ বিভাগ।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। মহা-হিসাব নিরিক্ষা ও নিয়ন্ত্রক, সিএনএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা {প্রবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৩০০(তিনশত) কপি প্রেরণের অনুরোধ সহ}।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।